গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২৩.২০-১৮১

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২৭ ব.
২২ জুলাই ২০২০ খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-২৬৩৯/২০২০ মামলার ০৮/৩/২০২০ তারিখের আদেশের আলোকে বিটিইবি কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি টিএমইডি-কে অবহিতকরণ সংক্রান্ত

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫২.৯৯.০০৪.১৭(অংশ-১)-৫১, তারিখ: ০২/০২/২০২০ খ্রি:
(২) বিটিইবি'র স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.০৯.০০১.২০.২০, তারিখ: ১১/০২/২০২০ খ্রি.।
(৩) বিটিইবি'র স্মারক নং-৫৭.১৭.০০০০.১০২.১৮.০১৬.১৯/২৩৮, তারিখ: ০৪/০৫/২০২০ খ্রি.।
(৪) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.৯৯.০০৪.১৭-১৬৪, তারিখ: ১৪/০৭/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত (১) নং পত্রের প্রেক্ষিতে (রিট পিটিশন নং-২৬৩৯/২০২০ মামলার বিষয়ে) জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত "**নার্সিং ও মেডিকেল টেকনোলজির কোর্সসমূহ**" টিএমইডি'র ০২/০২/২০২০ খ্রি: তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকে বর্ণিত আন্তমন্ত্রণালয়ের সিদ্ধান্ত, মাননীয় হাইকোর্ট বিভাগের রায় এবং ০৯/০২/২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালনা পর্ষদ ১৬৭ তম সভার সিদ্ধান্ত অনুযায়ি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যান বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়ে ন্যস্ত করার সিদ্ধান্ত হয়।

২ উক্ত সিদ্ধান্তসমূহের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ২০২০ সালে নার্সিং ও মেডিকেল টেকনোলজি কোর্সে নতুন করে ভর্তি/শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে উল্লিখিত শিক্ষা কার্যক্রমের প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্বীকৃতি, স্বীকৃতি নবায়ন, শিক্ষার্থী ভর্তি, ফলাফল ও সনদায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন করার লক্ষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাকাশিবো কর্তৃক ১০/২/২০২০ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে গত ১১/০২/২০২০ খ্রি: তারিখে "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

৩। গত ১১/০২/২০২০ খ্রি: তারিখে "দৈনিক বাংলাদেশ প্রতিদিন" পত্রিকায় প্রকাশিত বাকাশিবো'র ১০/২/২০২০ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকের বিরুদ্ধে "বাংলাদেশ ইন্সটিটিউট অব মেডিকেল সায়েন্স" ঢাকা এর চেয়ারম্যান কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২৬৩৯/২০২০ মামলা দায়ের করা হয়েছে। উক্ত মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিব, আইন ও বিচার বিভাগ এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডসহ মোট ১০ (দশ) জনকে Respondents করা হয়।

৪। গত ০৮/০৩/২০২০ খ্রি: তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং- ২৬৩৯/২০২০ মামলাটি শুনানী অনিষ্পন্ন রেখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়-

"pending hearing of the Rule. let the operation of the impugned notice published under the signature of Respondent No 7 and 8 as published in the Daily " Bangladesh Protidin" on 11.02.2020 (Annexure-I) be stayed within a period of 03 (three) months from date.

Respondent No 2 is directed to explain in writing on or before 30.04.2020 as to why the judgment and order dated 21.11.16 passed in Civil Petition for Leave to Appeal No. 2143 of 2016 (arising out of Writ Petition No 2355 of 2013) by the Appellate Division directing the Ministry to implement one umbrella concept as early as possible has not been complied with."

৫ এসএসসি পরীক্ষা ২০২০ এর ফলাফল প্রকাশিত হলে অনুচ্ছেদ-২ এ বর্ণিত মাননীয় হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চ কর্তৃক প্রদত্ত আদেশের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত নার্সিং ও মেডিকেল টেকনোলজিসমূহের ভর্তি প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্নকরণ ও তৎপরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে টিএমইডি'র দিক নির্দেশনা কামনা করে বিটিইবি কর্তৃক সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়েছে।

৬। উক্ত রিট পিটিশন নং-২৬৩৯/২০২০ মামলার হালনাগাদ তথ্যাদি জানানোর জন্য এ বিভাগের কারিগরি-২ শাখা হতে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে আইন শাখাকে অনুরোধ জানানো হয়েছে।

৭। উল্লেখ্য, রিট পিটিশন নং-২৬৩৯/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের মেয়াদ ০৭/৬/২০২০ খ্রি: তারিখে শেষ হয়েছে। তাছাড়া উক্ত মামলায় টিএমইডি পক্ষভুক্ত নয় বিধায় রুলনিশি/কাগজপত্র টিএমইডি'র আইন শাখায় পাওয়া যায়নি। এ বিভাগের কারিগরি-২ শাখাকে (চাহিতমতে) হালনাগাদ তথ্যাদি জানানোর নিমিত্ত উক্ত মামলার বিষয়ে চেয়ারম্যান, বিটিইবি কর্তৃক ইতোমধ্যে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদিসহ মামলার আর্জি এবং রুলনিশির কপি পাওয়া আবশ্যক। মামলার আর্জি ও রুলনিশির কপি পাওয়ার পূর্বে (**মহামান্য হাইকোর্টে রিট মামলা চলমান অবস্থায়) বিটিইবি কর্তৃক চাহিত বিষয়ে কোন নির্দেশনা প্রদান করা আইনানুগ হবেনা।**

চলমান পাতা নং-০২

৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ২৬৩৯/২০২০ মামলার ০৮/০৩/২০২০ খ্রি তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের আলোকে বিটিইবি কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করে আগামী ২০/৮/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিতকরণসহ উক্ত মামলার রুলনিশি ও আর্জির কপি টিএমইডি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

22/07/20
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪ অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫ অফিস কপি/মাস্টার কপি